গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' ও 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' এর সংশোধনের লক্ষ্যে উভয় সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : ১০ আগস্ট ২০২২ ও ৩০ আগস্ট ২০২২ |
| স্থান | : সভাকক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-ক ও খ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' ও 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' জারি করা হয়। এই দু'টি চাকরি বিধিমালায় কিছু পদের নিয়োগবিধিতে সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতা সংশোধনের লক্ষ্যে ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে এ বিভাগে প্রস্তাব পাওয়া যায়। প্রস্তাবসমূহ পর্যালোচনার লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী উভয় সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত প্রস্তাব সভায় উপস্থাপনের জন্য উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহ্বান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম বলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নিম্নবর্ণিত ১৯(উনিশ)টি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ০২(দুই)টি পদের নিয়োগ বিধির সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতায় সংশোধনের জন্য এ বিভাগে দু'টি পৃথক প্রস্তাব পাওয়া যায়:

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন:**

(১) পরিচ্ছন্নতা কর্মকর্তা, (২) ওয়ার্ড সচিব, (৩) আইন কর্মকর্তা, (৪) ব্যবস্থাপক, (৫) সম্পত্তি কর্মকর্তা, (৬) কানুনগো, (৭) স্বাস্থ্য কর্মকর্তা, (৮) ল্যাবরেটরি সহকারী, (৯) মেডিক্যাল অফিসার (নাক-কান-গলা/চক্ষু/ব্লাড ব্যাংক/চর্ম ও যৌন/বহিঃবিভাগ ও ইনডোর/জরুরি বিভাগ, (১০) ডেন্টাল সার্জন, (১১) মেট্রন, (১২) স্টাফ নার্স, (১৩) মেডিক্যাল অফিসার (বহিঃবিভাগ/ব্লাড ব্যাংক/ইমার্জেন্সি/ইনডোর/চর্ম ও যৌন/ইএনটি), (১৪) মেডিক্যাল অফিসার, (১৫) মেডিক্যাল অফিসার (প্যাথলজি), (১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (১৭) প্রধান নগর পরিকল্পনাবিদ, (১৮) নগর পরিকল্পনাবিদ ও (১৯) জিআইএস অপারেটর;

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন:**

(১) পরিচ্ছন্নতা কর্মকর্তা ও (২) কানুনগো।

৩. প্রাপ্ত প্রস্তাবসমূহ অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগ এবং উভয় সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণের অংশগ্রহণে গত ১০ আগস্ট ২০২২ তারিখের সভায় যাচাই-বাছাই করা হয়। আজকের সভায় উক্ত প্রস্তাবসমূহ পর্যালোচনার মাধ্যমে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/বিয়োজনপূর্বক নিয়োগ বিধির সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতা চূড়ান্ত করা প্রয়োজন। সংশোধিত নিয়োগ যোগ্যতার প্রস্তাব পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সচিব জনাব আকরামুজ্জামান (যুগ্মসচিব) বলেন, 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' এ প্রস্তাবিত ১৯(উনিশ)টি পদের নিয়োগ বিধিতে বিদ্যমান নিয়োগ যোগ্যতা অনুযায়ী উপযুক্ত প্রার্থী না পাওয়ায় উক্ত পদসমূহে জনবল নিয়োগ ও পদোন্নতি প্রদান করা সম্ভব হচ্ছে না। ফলে কর্পোরেশনের বিভিন্ন সেক্টরের প্রশাসনিক ও সেবামূলক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। তাই তিনি বর্ণিত পদসমূহের নিয়োগ বিধির সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতা সংশোধনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

৫.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক (যুগ্মসচিব) সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা ও সম্পত্তি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার স্বার্থে প্রস্তাবিত ০২(দুই)টি পদের নিয়োগ বিধির সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতা সংশোধনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৬.	সভায় উভয় সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ এ বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) জনাব মোঃ সবুর হোসেন, যুগ্মসচিব (পলিসি সাপোর্ট/আইন) জনাব মোঃ কামাল হোসেন, গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ এস এম সফিউল আজম, উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-২) জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শহিদুল ইসলাম কর্তৃক চাকরি বিধিমালা সংশোধনী প্রস্তাবসমূহ বিস্তারিত পর্যালোচনা ও যাচাই-বাছাই করা হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রস্তাবিত ১৯(উনিশ)টি পদের মধ্যে ১৩(তের)টি পদের যথা-(১) পরিচ্ছন্নতা কর্মকর্তা, (২) ব্যবস্থাপক, (৩) সম্পত্তি কর্মকর্তা, (৪) কানুনগো, (৫) স্বাস্থ্য কর্মকর্তা, (৬) ল্যাবরেটরি সহকারী, (৭) মেডিক্যাল অফিসার (নাক-কান-গলা/চক্ষু/ব্লাড ব্যাংক/চর্ম ও যৌন/বহিঃবিভাগ ও ইনডোর/জরুরি বিভাগ, (৮) ডেন্টাল সার্জন, (৯) মেট্রন, (১০) স্টাফ নার্স, (১১) মেডিক্যাল অফিসার (বহিঃবিভাগ/ব্লাড ব্যাংক/ইমার্জেন্সি/ইনডোর/চর্ম ও যৌন/ইএনটি), (১২) মেডিক্যাল অফিসার, (১৩) মেডিক্যাল অফিসার (প্যাথলজি) পদসমূহের নিয়োগ যোগ্যতা যাচাই-বাছাইঅন্তে সঠিক পাওয়া যায় এবং অবশিষ্ট ০৬টি পদের যথা-(১) ওয়ার্ড সচিব, (২) আইন কর্মকর্তা, (৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (৪) প্রধান নগর পরিকল্পনাবিদ, (৫) নগর পরিকল্পনাবিদ ও (৬) জিআইএস অপারেটর পদের নিয়োগ বিধির সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতায় কিছু সংশোধন/সংযোজন/বিয়োজন করা প্রয়োজন মর্মে সবাই একমত পোষণ করেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রস্তাবিত ০২(দুই)টি পদের (১) পরিচ্ছন্নতা কর্মকর্তা ও (২) কানুনগো নিয়োগ বিধির সংশ্লিষ্ট নিয়োগ যোগ্যতা পর্যালোচনান্তে সঠিক পাওয়া যায়। সার্বিক পর্যালোচনায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্ণিত ০৬(ছয়)টি পদের নিয়োগ যোগ্যতায় আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনীসহ সকল পদের পরিচ্ছন্ন প্রস্তাবনা দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে অনুরোধ করা যেতে পারে মর্মে সবাই একমত পোষণ করেন। তবে মেডিক্যাল অফিসার পদের বিষয়ে অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী কোনো অসুবিধা না থাকলে মেডিক্যাল অফিসারের সবগুলো পদের সংশোধনী প্রস্তাব একত্রে প্রেরণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হয়। অধিকন্তু ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রস্তাবিত ০২(দুই)টি পদের বাইরে অন্য কোন পদের নিয়োগ বিধির সংশোধনী প্রস্তাবনা থাকলে তা যাচাইঅন্তে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

৭.	সভাপতি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্ণিত ০৬(ছয়)টি পদের নিয়োগ যোগ্যতায় প্রয়োজনীয় সংশোধনীসহ সকল পদের পরিচ্ছন্ন ও পূর্ণাঙ্গ প্রস্তাবনা এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রস্তাবিত ০২(দুই)টি পদের বাইরে অন্য কোন পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব থাকলে তাসহ প্রয়োজনীয় কাগজপত্র জরুরিভিত্তিতে আগামী ০৭(সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণকে অনুরোধ জানান। উভয় সিটি কর্পোরেশন হতে প্রস্তাব প্রাপ্তির পর তা এ বিভাগের অনুমোদন গ্রহণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন।

৮.	**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রস্তাবিত ১৯(উনিশ)টি পদের মধ্যে ০৬(ছয়)টি পদের যথা-(১) ওয়ার্ড সচিব, (২) আইন কর্মকর্তা, (৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (৪) প্রধান নগর পরিকল্পনাবিদ, (৫) নগর পরিকল্পনাবিদ ও (৬) জিআইএস অপারেটর পদের নিয়োগ যোগ্যতায় প্রয়োজনীয় সংশোধনপূর্বক সকল পদের বিদ্যমান ও প্রস্তাবিত নিয়োগ যোগ্যতার তুলনামূলক বিবরণী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জন্য সার-সংক্ষেপ এবং প্রতিটি পদের খসড়া প্রজ্ঞাপনসহ পরিচ্ছন্ন ও পূর্ণাঙ্গ প্রস্তাবনা জরুরিভিত্তিতে আগামী ০৭(সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন; |

| | | |
|---|---|---|
| ২. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রস্তাবিত ০২(দুই)টি পদের যথা-(১) পরিচ্ছন্নতা কর্মকর্তা ও (২) কানুনগো পদের নিয়োগ বিধির বিদ্যমান ও প্রস্তাবিত নিয়োগ যোগ্যতার তুলনামূলক বিবরণী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জন্য সার-সংক্ষেপ এবং প্রতিটি পদের খসড়া প্রজ্ঞাপনসহ পরিচ্ছন্ন ও পূর্ণাঙ্গ প্রস্তাবনা জরুরিভিত্তিতে আগামী ০৭(সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া বর্ণিত ০২(দুই)টি পদের বাইরে অন্য কোন পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব থাকলে তা প্রয়োজনীয় কাগজপত্রসহ একই সাথে প্রেরণ করতে হবে। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন; |
| ৩. | ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে প্রস্তাব প্রাপ্তির পর তা এ বিভাগের অনুমোদন গ্রহণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সিটি কর্পোরেশন-১ শাখা। |

৯. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৮/০৯/২০২২ খ্রি:
(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২২.০০৬.১৯-**১০৬২/১(২০)**

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯ / ০৮ সেপ্টেম্বর ২০২২

**বিতরণ-কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/নগর উন্নয়ন-২/পলিসি সাপোর্ট/আইন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৪. উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৯. অফিস কপি।

08.09.2022

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মোবাইল: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd